

সময়ঃ ৩ ঘন্টা

পূর্ণমান - ১০০

১. (ক) উচ্চারণ লেখ: (যে কোনো ৫টি) ৫
বৈমানিক, অশীতিপর, সম্পূর্ণ, গতকাল, ঙ্গল, রক্ষা, সিদ্ধান্ত,
মেরুদণ্ড।
অথবা, (খ) মধ্য অ ধ্বনির পাঁচটি সংবৃত উচ্চারণের নিয়ম উদাহরণসহ লেখ।
২. (ক) যে কোনো ৫টি শব্দের বানান শুদ্ধ কর: ৫
ফারসি, সোনালি, হস্তী, কান্ড, লোকটি, স্টেশন, পিশাচী, অহংকার।
অথবা, (খ) তৎসম শব্দের বানান সম্পর্কে বাংলা একাডেমির পাঁচটি নিয়ম
উদাহরণসহ লেখ।
৩. (ক) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষ শব্দ খুঁজে বের কর এবং
পাঁচটি বাক্যে তাদের প্রয়োগ দেখাও। ৫
মানুষ স্বাভাবিকভাবেই সৌন্দর্যপ্রিয়, রূপপিয়াসী, কল্পনাবিলাসী। মনকে
আকর্ষণ করার মতো এমন অনেক কিছু প্রকৃতিজগতে ছড়িয়ে আছে।
রূপালি নদী, বিল, আকাশ, সাদা মেঘের ভেলা, সবুজ বৃক্ষলতা, নানা
বর্ণের ফুল, নানা রঙের ফল, মায়াবী জ্যোৎস্না যে কারো হৃদয়কে মুগ্ধ
করবেই।
অথবা, (খ) অনুসর্গ কাকে বলে? গঠন ও প্রকৃতি অনুসারে কয় ভাগে ভাগ করা
যায় ও কী কী? প্রত্যেক প্রকারের উদাহরণসহ পরিচয় দাও।
৪. (ক) সংজ্ঞাসহ উদাহরণ দাও: (যে কোনো ৫টি) ৫
উপমিত কর্মধারয়, প্রাদি তৎপুরুষ, সমানাধিকরণ বহুব্রীহি, উপপদ
তৎপুরুষ, অলুক দ্বন্দ্ব, ব্যতিহার বহুব্রীহি, দ্বিগু সমাস, অব্যয়ীভাব সমাস।
অথবা, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি-প্রত্যয় নির্ণয় কর: (যে কোনো ৫টি)
নায়ক, দৃষ্টি, দোকানদার, খেলনা, প্রকৃতি, ধর্মীয়, দার্শনিক, বিজয়ী।
৫. (ক) অর্থ অনুযায়ী বাক্যকে কয় ভাগে ভাগ করা যায়? প্রত্যেকটির
সংজ্ঞাসহ উদাহরণ দাও। ৫
অথবা, (খ) নির্দেশানুসারে বাক্যান্তর কর: (যে কোনো ৫টি)
i. শিক্ষক এলেও ক্লাস হয়নি। (জটিল)

- ii. সে নামজাদা স্বশুরের শিষ্য বলে মস্ত লোক। (যৌগিক)
- iii. অনুগ্রহ করুন ও সব খুলে বলুন। (সরল)
- iv. কী ভয়ঙ্কর দৃশ্য! (নির্দেশনাত্মক)
- v. দেশের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
- vi. আমার নিবাস নাই। (অস্তিত্বাচক)
- vii. কথাটায় তার বিশ্বাস হয়। (নেতিবাচক)
- viii. এতে দোষ কী? (নির্দেশাত্মক)

৬. (ক) যে কোনো ৫টি বাক্য শুদ্ধ করে লেখ:

৫

- i. আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
- ii. আমি বীর ঠাকুরের গিতাজলি পড়িয়াছি।
- iii. আজ নূতন মন্ত্রসভা গঠিত হবে।
- iv. আকর্ষণ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানী ঘটে।
- v. প্রতিযোগীতায় প্রতিদন্দীতা থাকবেই।
- vi. লোকটি দূরাদৃষ্টবশত দারিদ্র্যতায় পতিত হইয়াছে।
- vii. সুমদয় পরীক্ষাই নীড় বাঁধে।
- viii. নিষ্পাপী, নির্দোষী ও নিরাপরাধীকে শাস্তি দিও না।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ কর:

পরবর্তীতে, আয়ত্তাধীন, সমৃদ্ধশালী, কীর্তিবাস, স্বচ্ছল, স্বভা, চাকুরীজীবী, পূর্ণাত্মা।

৭. (ক) যে কোনো ১০টি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ:

১০

Abstract, Blue-Print, Agent, Data, Graph, Fiction, Green-Room, Postal, Survey, Zone, Wages, Treaty.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর:

The crowning glory of the reign of Shahjahan in the Taj Mahal at Agra. It is looked upon as one of the seven wonders of the world. Everyone who has looked at it, whether in daytime or on a moonlit night when its beauty is enhanced, has marvelled at it.

৮. (ক) দিনলিপি লেখ:

১০

সুন্দরবন ভ্রমণের বর্ণনা দিয়ে একটি দিনলিপি রচনা কর।

অথবা, (খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের বিবরণ দিয়ে একটি প্রতিবেদন রচনা কর।

৯. (ক) পুস্তকের তালিকা প্রেরণের অনুরোধ জানিয়ে প্রকাশকের কাছে একটি বৈদ্যুতিক চিঠি লেখ। ১০
অথবা, (খ) একটি বেসরকারি প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে নিয়োগের জন্য একটি আবেদনপত্র লেখ।
১০. (ক) সারমর্ম লেখ: ১০
শুধু গাফলতে, শুধু খেয়ালের ভুলে,
দরিয়া অথই ভ্রান্তি নিয়েছি তুলে,
আমাদেরি ভুলে পানির কিনারে মুসাফির দল বসি
দেখেছে সভায় অস্ত গিয়াছে তাদের সেতারা, শশী।
অথবা, (খ) পথের প্রান্তে আমার তীর্থ নয়।
পথের দু' ধারে আছে মোর দেবালয়।
১১. (ক) প্রদত্ত বিষয়ে সংলাপ রচনা কর: ১০
'দ্রব্যমূল্য বৃদ্ধির' বিষয়ে দুইটি সহকর্মীর সংলাপ রচনা কর।
অথবা, (খ) প্রদত্ত বিষয়-সূত্র অবলম্বনে একটি ক্ষুদ্রে গল্প রচনা কর:
ছোট রেল স্টেশন। শীতের সন্ধ্যায় একটি ট্রেন এসে থামলো স্টেশন।
অল্প কয়েকজন যাত্রী নেমে এলেন ট্রেন থেকে। যাত্রীরা যে যার পথে
চলে গেলে মাঝ বয়সী এক ভদ্রলোক স্যুটকেস হাতে দাঁড়িয়ে রইলেন।
এক সময় ভদ্রলোক ডেকে উঠলেন, কুলি! কুলি! সন্ধ্যায় কুয়াশার
আধো অন্ধকারের মধ্যে ছোট-খাটো একটা লোক ভদ্রলোকের পাশে
এসে দাঁড়ালো। এরপর-----
১২. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০
(ক) বিজ্ঞান ও আধুনিক সভ্যতা;
(খ) পরিবেশ সংরক্ষণে বনায়ন;
(গ) বাংলাদেশের সামাজিক উৎসব;
(ঘ) যুগ্মমুক্ত বিশ্ব;
(ঙ) আজি এ বসন্তে।